



শিক্ষা উন্নয়ন ফাউন্ডেশন  
দয়্যারামপুর, বাগাতিপাড়া, নাটোর  
রেজিঃ নং নাট/৬৪৪/২১  
Website: www.edf.org.bd  
E-mail:edfbd2020@gmail.com

স্মারক নং নাট/৬৪৪/২১/২০২৩/০১

তারিখ: ০৫ নভেম্বর ২০২৩ খ্রি.

বিষয়: ৫ম ও ৮ম শ্রেণির মেধা অবেষণ প্রতিযোগিতামূলক পরীক্ষা-২০২৩ এর কেন্দ্র ও কেন্দ্র সচিব মনোনয়ন প্রসঙ্গে।

সম্মানিত সুধী,

আসসালামু আলাইকুম। উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য আপনাকে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে শিক্ষা উন্নয়ন ফাউন্ডেশন, দয়্যারামপুর, বাগাতিপাড়া, নাটোর এর উদ্যোগে ৫ম ও ৮ম শ্রেণির মেধা অবেষণ প্রতিযোগিতামূলক পরীক্ষা-২০২৩ পরিচালনার জন্য আপনার প্রতিষ্ঠানকে পরীক্ষার কেন্দ্র ও আপনাকে কেন্দ্র সচিব মনোনিত করা হয়েছে। পরীক্ষার বিষয়, পরীক্ষা গ্রহণ পদ্ধতি সময় ও তারিখ নিম্নরূপ হবে।

পরীক্ষার বিষয়সমূহ:	বাংলা	২০ নম্বর
	ইংরেজি	২০ নম্বর
	গণিত	২০ নম্বর
	বিজ্ঞান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	২০ নম্বর
	বাংলাদেশ ও বিশ্বপরিচয়	২০ নম্বর

সর্বমোট = ১০০ নম্বর

৫ম ও ৮ম উভয় শ্রেণির শিক্ষার্থীরা সর্বমোট ১০০ নম্বরের বহুনির্বাচনীমূলক প্রশ্নের অভিন্ন উত্তরপত্রে সঠিক উত্তরের বৃত্ত ভরাটের মাধ্যমে উত্তর প্রদান করবে।

পরীক্ষার কেন্দ্র	: মিশ্রীপাড়া আদর্শ উচ্চ বিদ্যালয়, বাগাতিপাড়া, নাটোর।
শ্রেণি	: ৫ম
তারিখ	: ০১ ডিসেম্বর ২০২৩ খ্রি. (শুক্রবার)
পরীক্ষার সময়	: সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টা পর্যন্ত ৬০ মিনিট বা ০১ ঘন্টা
শ্রেণি	: ৮ম
তারিখ	: ০২ ডিসেম্বর ২০২৩ খ্রি. (শনিবার)
পরীক্ষার সময়	: সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টা পর্যন্ত ৬০ মিনিট বা ০১ ঘন্টা
কক্ষ পরিদর্শকগণের কেন্দ্রে উপস্থিতি	: ০৯:০০ টা
কক্ষ পরিদর্শকগণের কেন্দ্রের কক্ষে উপস্থিতি	: ০৯:৩০ টা
শিক্ষার্থীদের কেন্দ্রের কক্ষে উপস্থিতি	: পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে

কক্ষপরিদর্শকগণ শিক্ষার্থীদের নাম, রেজিস্ট্রেশন পূরণে সহযোগিতা ও হাজিরা গ্রহণ ১০:০০ টা বাজার পূর্বে নিশ্চিত করবেন। ১০:০০ বাজার সঙ্গে সঙ্গে বা ঘন্টা পরার সঙ্গে সঙ্গে প্রশ্নপত্র প্রদান করবেন। উক্ত পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনাকে বিনীত অনুরোধ করছি।

প্রাপক:

প্রধান শিক্ষক, মিশ্রীপাড়া আদর্শ উচ্চ বিদ্যালয়, বাগাতিপাড়া, নাটোর।

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১ জেলা প্রশাসক, নাটোর
- ২ জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাটোর
- ৩ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নাটোর
- ৪ জেলা সমাজসেবা কর্মকর্তা, নাটোর
- ৫ উপজেলা নির্বাহী কর্মকর্তা.....
- ৬ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা.....
- ৭ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা.....
- ৮ উপজেলা সমাজসেবা কর্মকর্তা.....
- ৯ ভারপ্রাপ্ত কর্মকর্তা.....
- ১০ অফিস নথি.....

সাধারণ সম্পাদক

শিক্ষা উন্নয়ন ফাউন্ডেশন

দয়্যারামপুর, বাগাতিপাড়া, নাটোর।